# কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায়: অবিশ্বাস ও বিভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. ৪. ৬. সুন্নাতই নাজাতের একমাত্র সুনিশ্চিত পথ

সবচেয়ে বড় কথা যে, এ সকল বিশ্বাস ও কর্মের প্রয়োজন কী? কুরআনে কি এরূপ বিশ্বাস বা কর্মের বিষয়ে সুস্পষ্ট নির্দেশ আছে? রাসূলুল্লাহ (ﷺ) কি এ বিষয়ে সুস্পষ্ট নির্দেশ দিয়েছেন? কুরআনে ও হাদীসে যতটুকু আছে তার অতিরিক্ত কিছু বলার দরকার কী? সাহাবীগণ কি এরূপ করতেন? নবী, ওলী, কারামত, আহলু বাইত ইত্যাদির বিষয়ে সাহাবীগণ কি বলতেন? কি করতেন? কিভাবে তাঁরা ভক্তি প্রকাশ করতেন? অবিকল তাঁদের মত বিশ্বাস ও কর্ম নিয়ে কি আল্লাহর সন্তুষ্টি ও সকল কল্যাণ লাভ সম্ভব নয়? যদি সম্ভব হয় তবে অন্য কিছুর প্রয়োজন কী?

বস্তুত, মুমিনের নাজাতের একটিই পথ, তা হলো, কুরআন ও সুন্নাতের পথে ফিরে আসা। বিশ্বাসে, কর্মে ও কথায় সুন্নাত ও সাহাবীগণের হুবহু অনুসরণই নাজাতের একামত্র সুনিশ্চিত পথ। সুন্নাতের পরিচয়, গুরুত্ব ও প্রকারভেদ সম্পর্কে আমরা পরবর্তী অধ্যায়ে আলোচনা করব, ইনশা আল্লাহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13749

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন